১৯। উন্নয়ন প্রকল্পে অর্থ বরাদ্দ, বিভাজন, অবমুক্তি, ব্যবহার এবং হিসাব সংরক্ষনের সাধারন শর্তাবলী

(১) প্রকল্পে কিছু কিছু অংশ বা অংগ বাস্তবায়নের পূর্বে সংশিষ্ট মন্ত্রণালয় থেকে প্রশাসনিক অনুমোদন প্রদানের বিধান রয়েছে । প্রকল্পের দ্রুত ও সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন অংশ বা আইটেমের জন্য খন্ড খন্ড ভাবে প্রশাসনিক অনুমোদন দানের পরিবর্তে সাধারণভাবে আগষ্ট মাসের মধ্যেই সংশিষ্ট অর্থ বছরের বাজেট অনুযায়ী বাস্তবায়নযোগ্য সকল অংশ বা আইটেমের জন্য একত্রে (বিশেষ ব্যতিক্রম ব্যতিত) একবারে প্রশাসনিক অনুমোদন প্রদান করতে হবে ।

(২) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ এই মর্মে নিশ্চিত করবে যে, তাদের নিয়ন্ত্রণাধীন সকল প্রকল্প থেকে এই নির্দেশিকায় বর্ণিত সংলগ্নী-৫, ৯, ১৭, ২৫ ও ২৭ ও ৩৪ অনুযায়ী বিবরণী ও প্রতিবেদন নিয়মিতভাবে অর্থ বিভাগের উন্নয়ন অনুবিভাগের সংশিষ্ট শাখায় নির্ধারিত ছক অনুযায়ী প্রেরণ করা হচ্ছে । হাল নাগাদ এ সকল বিবরণী ও প্রতিবেদন অর্থ বিভাগে পাওয়া না গেলে অর্থ অবমুক্তিতে সম্মতি জ্ঞাপন এবং অন্যান্য আরপিএ খাতের অর্থ ছাড়ে অথরাইজেশন জারী করা হবে না ।

(৩) হিসাব মহা নিয়ন্ত্রক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রকল্প পরিচালক অত্যাবশ্যকীয়ভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট হিসাব দাখিল নিশ্চিত করবেন ।

(৪) প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর এডিপি/আরএডিপি -তে প্রকল্পের নামের পার্শ্বে প্রকল্পের সমাপ্তির তারিখ উল্লেখ পূর্বক প্রকল্প অন্তর্ভুক্ত করা হলে তার ভিত্তিতে অর্থ অবমুক্ত ও ব্যবহার করা যাবে । অন্যথায় মেয়াদ উত্তীর্ণের পর কোন অর্থ অবমুক্ত করা যাবে না ।

(৫) কোন অনিয়মিত ব্যয়, ক্ষমতা /অর্থের অপব্যবহার হলে এই স্মারক বলে প্রদত্ত ক্ষমতা স্বয়ংক্রিয়ভাবে প্রত্যাহার হয়েছে বলে গণ্য হবে ।

(৬) অর্থ বিভাগের ২/৬/১৯৯৪ তারিখে জারীকৃত (অর্থ বিভাগের প্রেরিতব্য বিষয়সমূহের তালিকা) এবং ২২/১২/০৪ তারিখে জারীকৃত **"উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা "** শীর্ষক স্মারকদ্বয়ের শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে ।

(৭) উন্নয়ন প্রকল্পের বরাদ্দ হতে অগ্রিম গ্রহণের ক্ষেত্রে অর্থ বিভাগের ২৩-০২-৯৮ তারিখের অম/অবি/উ:-১/বিবিধ-৪৬/৯৮/৭২ নং পরিপত্র অনুসরণ পূর্বক (সংলগ্নী- ২১) প্রস্তাবিত অগ্রিমের তিন মাস ভিত্তিক ব্যয়ের নিম্ন ছকে বর্ণিতপরিকল্পনা (Quarterwise Expenditure plan) সহ প্রস্তাব অর্থ বিভাগে পাঠাতে হবে ঃ

অর্থনৈতিক (খরচ) খাত ও কোড নং	বিস্তারিত খাত ও কোড নং	বাজেট বিভাজন অনুযায়ী বরাদ্দ	জুলাই - সেপ্টেম্বর সময়ে আনুমানিক ব্যয়	অক্টোবর - ডিসেম্বর সময়ে আনুমানিক ব্যয়	জানুয়ারী - মার্চ সময়ে আনুমানিক ব্যয়	এপ্রিল - জুন সময়ে আনুমানিক ব্যয়
১	২	৩	৪	৫	৬	৭

(৮) (ক) কোন কোন ক্ষেত্রে পুন: উপযোজন বা সংশোধিত এডিপি এর মাধ্যমে প্রকল্পে মোট বরাদ্দের পরিমান হ্রাস করা হয়ে থাকে । এধরণের প্রকল্পের ক্ষেত্রে অনেক সময় দেখা যায় যে, সংশাধিত এডিপি হওয়ার পূর্বেই মূল এডিপি -র অনুসরণে সংশোধিত মোট বরাদ্দের চেয়ে অতিরিক্ত অর্থ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অবমুক্ত করা হয়েছে । এ ধরনের ক্ষেত্রে যে প্রকল্প থেকে বরাদ্দ প্রত্যাহার করা হয়েছে তার জন্য অবমুক্তকৃত অর্থ হতে প্রকৃত পক্ষে কি পরিমান অর্থব্যয় করা হয়েছে এ সম্পর্কে প্রধান হিসাব রক্ষণ কর্মকতার নিকট থেকে প্রত্যয়ন সংগ্রহপূর্বক দাখিল করতে হবে। এই প্রত্যয়ন ব্যতিরেকে সংশিষ্ট যে প্রকল্পের বরাদ্দ বাড়ানো হয়েছে ঐ প্রকল্পের অর্থ অবমুক্তিতে সম্মতি দেয়া যাবে না ।

(খ) মূল এডিপির বরাদ্দ অনুসারে অবমুক্তকৃত ও ব্যয়িত অর্থের তুলনায় যদি সংশোধিত এডিপিতে বরাদ্দ কমে যায় এবং যদি সংশোধিত এডিপির বরাদ্দের তুলনায় কোন খাতের অর্থ অতিরিক্ত অবমুক্ত ও ব্যয়িত হয়ে থাকে সে ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় /বিভাগ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সম্মতিতে খাত সমন্বয় পূর্বক ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করবে ।

(৯) প্রশাসনিক মন্ত্রণালয় উন্নয়ন বাজেট বরাদ্দের ভিত্তিতে নির্দিষ্ট প্রকল্পের জন্য বিভিন্ন অর্থনৈতিক কোডের বিপরীতে প্রকল্পের বছরওয়ারী বরাদ্দ বন্টন পূর্বক সংলগ্নী-১ অনুসারে (মূলধন ও রাজস্ব অপরিবর্তিত রেখে) বিভাজন আদেশ জারী ও সংশোধন করতে পারবে। শর্ত থাকবে যে , সিডি ভ্যাট খাতে এডিপি তে যে বরাদ্দ রয়েছে তা থেকে অন্য কোন খাতে অর্থ পুন: উপযোজন / স্থানান্তর করা যাবে না ।

(১০) ক. অর্থবিভাগ কর্তৃক অর্থ প্রদানের অথরাইজেশন জারী করা না হলে সংশ্লিষ্ট অর্থ বছরে ডসা, কোনটাসা, সেফ ও ইমপ্রেষ্ট হিসাব হতে বাংলাদেশ ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংক কর্তৃক সংশিষ্ট প্রকল্পের অনুকূলে কোন অর্থ প্রদান করা যাবে না।

খ. বাংলাদেশ ব্যাংক এবং বাণিজ্যিক ব্যাংক কর্তৃক জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে নিম্ন ছকে প্রকল্প হিসাবের পূর্ববর্তী অর্থ বছরের লেনদেন সম্পর্কে অর্থবিভাগ ও সিএও এর নিকট বিবরণী দাখিল করতে হবে।

১. প্রকল্পের নাম : ____________________

২. অর্থ বছর : ____________________

৩. হিসাব নম্বর ও প্রকৃতি : ____________________

লেনদেনের বাৎসরিক বিবরণী

মাস ও সন	প্রারম্ভিক জমা	মাসিক জমা	মাসিক প্রদান	সমাপনী ব্যালেন্স	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

৪. অর্থবিভাগের অথরাইজেশন অনুযায়ী অর্থ বৎসরে ছাড়কৃত অর্থের পরিমাণ : ____________________

৫. প্রকল্প হিসাব থেকে এই অর্থ বৎসরে প্রদত্ত ক্রমপুঞ্জিভূত অর্থের পরিমাণ : ____________________

৬. অথরাইজেশনের চেয়ে কম/বেশী প্রদান (৪-৫) : ____________________

(১১) প্রত্যেক প্রকল্পের জন্য পৃথক ব্যাংক হিসাব সংরক্ষণ করতে হবে। সিএও এবং উন্নয়ন সহযোগী সংস্থা থেকে প্রাপ্ত সকল অর্থ এই হিসাবে জমা নিশ্চিত করতে হবে। এই হিসাবের অর্থ শুধুমাত্র সংশ্লিষ্ট প্রকল্পের পিপি অনুযায়ী নির্ধারিত কর্মসূচী বাস্তবায়নের জন্য ব্যবহার করা যাবে। এই হিসাব থেকে কোন অর্থ অন্য কোনভাবে অন্য উদ্দেশ্যে স্থানান্তর করা যাবে না।

(১২) অবমুক্তকৃত অর্থ অব্যয়িত থেকে থাকলে তার কারণ ব্যাখ্যা করতে হবে এবং অবমুক্তিযোগ্য অর্থ অবমুক্ত করা হলে তা নির্ধারিত সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব হবে এর স্বপক্ষে তথ্যাদিসহ (অনুমোদিত প্রকল্প দলিল অনুসারে) প্রত্যয়ন দিতে হবে এবং সংলগ্নী-২২, ২৩ এর নির্দেশনা অনুসরন করতে হবে।

(১৩) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ থেকে অর্থ অবমুক্তি ও ব্যয়ের ত্রৈমাসিক হিসাব (সংলগ্নী-৫ ও ৯ অনুযায়ী) এবং মাসিক প্রকল্প পর্যালোচনা সভার কার্যবিবরণী নিয়মিতভাবে প্রেরণ করবে।

(১৪) পিপি চূড়ান্তকরণের সময় প্রকল্প মূল্যায়ন সভা/প্রাক-একনেক সভা, একনেক সভা, ডিপিইসি/এসপিইসি সভার কার্যবিবরণীসমূহে অর্থ বিভাগের মতামত অন্তর্ভূক্ত পূর্বক পিপিতে সন্নিবেশ করতে হবে ।

(১৫) প্রকল্পের অর্থ অবমুক্তি ও ব্যয়ের হিসাব প্রতি মাসের ১৫ ও ৩০ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় অর্থ বিভাগে প্রেরণ করবে।